

## দাবি দায়ের করার বিষয়ে তথ্য

লেবার স্ট্যান্ডার্ডের সাথে আপনার দাবিটি দায়ের করা উচিত কিনা তা জানতে এটি ভালো করে পড়ুন। পাওনা পারিশ্রমিক, অবৈধ ছাড়, পারিশ্রমিক পরিপূরক, ন্যূনতম পারিশ্রমিক, অতিরিক্ত সময়, খাবারের সময় নেই ইত্যাদি দাবি করার জন্য LS 223 সম্পূর্ণ করুন।

আপনার সম্পূর্ণ করা ফর্মটি উপরে দেওয়া ঠিকানায়ে ফেরত পাঠান।

LS 223 ইংরেজি ছাড়া অন্যান্য ভাষাতেও উপলব্ধ। নিউ ইয়র্ক রাজ্যে কর্মরত যে কোনও ব্যক্তি নিউ ইয়র্ক স্টেট লেবার ডিপার্টমেন্টে (New York State Department of Labor) অভিযোগ পাঠাতে পারেন। যদি এখানে দেওয়া তথ্যগুলি আপনার প্রশ্নের সমাধান না করে তবে (888) 469-7365 এ কল করুন।

**লেবার স্ট্যান্ডার্ড পারিশ্রমিক ও অন্যান্য কর্মসংস্থান সম্পর্কিত বিভিন্ন ধরণের দাবি এবং অভিযোগ গ্রহণ করে।  
উদাহরণস্বরূপ, আপনি:**

• **পাওনা পারিশ্রমিকের দাবি করতে পারেন যদি:**

- আপনার নিয়োগকর্তা পুরো সময় কাজ করার জন্য আপনাকে বেতন না দিয়ে থাকে (কাজের প্রশিক্ষণ সহ)
- "পর্যাপ্ত ফান্ড নাই" (NSF) এর কারণে আপনার পে-চেক বাউন্স হয়ে থাকে
- আপনি আপনার সব টিপ না পেয়ে থাকেন
- আগে থেকে কোনও নোটিশ না দিয়েই আপনার বেতন কম করে দেওয়া হয়

• **অবৈধ ছাড়ের দাবি করুন** যদি আপনার নিয়োগকর্তা:

- আপনার বেতন থেকে পারিশ্রমিক কেটে থাকে
- ক্ষতি পূরণের জন্য আপনার কাছ থেকে অর্থ নিয়ে থাকে
- প্রদেয় পারিবারিক ছুটির অবদান বাবৎ আপনার অংশে বেশি পরিমাণে চাপিয়ে থাকে

• **পাওনা পারিশ্রমিক পরিপূরক দাবি করুন** যদি আপনার নিয়োগকর্তা আপনাকে প্রতিশ্রুতি (মৌখিকভাবে বা লিখিতভাবে) দিয়েও **উপার্জিত অর্থ** অর্থ না দিয়ে থাকে:

- অবকাশকালীন বেতন
- ছুটির সময়কালীন বেতন
- বোনাস

যদি নিয়োগকর্তা কখনও পারিশ্রমিক পরিপূরক প্রদানের প্রতিশ্রুতি না দিয়ে থাকে, তবে আইন অনুযায়ী তাদের অর্থ দিতে হবে না।

• **দাবি করুন-ন্যূনতম পারিশ্রমিক/অতিরিক্ত সময়ের বেতন** যদি আপনার নিয়োগকর্তা:

- বর্তমান ন্যূনতম পারিশ্রমিক, ফাস্ট ফুড ন্যূনতম পারিশ্রমিক বা শ্রমিকের টিপের ন্যূনতম পারিশ্রমিকের তুলনায় আপনাকে কম অর্থ দিয়ে থাকে
- এক সপ্তাহে 40 ঘন্টার চেয়ে বেশি কাজ করার জন্য অতিরিক্ত সময়ের বেতন না দিয়ে থাকে (বেশিরভাগ কর্মচারীদেরই 40 ঘন্টার চেয়ে বেশি কাজ করার জন্য সময় এবং তাদের বেতনের হারের ½ দিতে হবে, তবে কিছু ব্যতিক্রম রয়েছে)

- **নূনতম পারিশ্রমিকের অতিরিক্তগুলি দাবি করুন** যদি:
  - আপনার নিজের ইউনিফর্ম পরিষ্কার করার জন্য আপনার নিয়োগকর্তার কাছে অতিরিক্ত অর্থ পাওনা থাকে
  - আপনার কল-ইন বেতন পাওনা থাকে
  - আপনার অতিরিক্ত বেতন পাওনা থাকে কারণ আপনার কার্যদিবস শুরু থেকে শেষ অবধি 10 ঘন্টার চেয়ে বেশি সময় জুড়ে হয়
- **একটি পারিশ্রমিকবিহীন অভিযোগ দায়ের করুন** যদি আপনার নিয়োগকর্তা প্রয়োজনীয় খাবারের সময়কাল, বিশ্রামের দিন, পে স্টাব, বেতনের নোটিশ, সময়মতো বেতন প্রদান করতে ব্যর্থ হয়, বা লেবার আইনের সাথে সম্পর্কিত অভিযোগ করার জন্য আপনার বিরুদ্ধে নেতিবাচক ব্যবস্থা নেয়
- **আপনার দাবির পক্ষে সমর্থন করার জন্য তথ্য পাঠান** (যদি উপলব্ধ থাকে), যেমন কোনও লাভ নীতি, পে স্টাব, বাতিল চেক, স্বীকৃত নয় এমন চেক, সময়ের রেকর্ড ইত্যাদির কপি (আসল দস্তাবেজগুলি পাঠাবেন না।)

**আপনাকে অবশ্যই ভাগ 1 থেকে 3 এবং 8 থেকে 10 পর্যন্ত সম্পূর্ণ করতে হবে। এছাড়া নিম্নলিখিতগুলিও সম্পূর্ণ করুন:**

- পাওনা পারিশ্রমিক এবং/বা অবৈধ ছাড় সম্পর্কিত দাবি, ভাগ 4
- পারিশ্রমিক পরিপূরক সম্পর্কিত দাবি, ভাগ 5
- নূনতম পারিশ্রমিক বা অতিরিক্ত সময় সম্পর্কিত দাবি, ভাগ 6
- পারিশ্রমিকবিহীন অভিযোগ, ভাগ 7

**আপনি দাবি দায়ের করার পরে, 25-30 ব্যবসায়িক দিনের মধ্যে আমাদের কাছ থেকে আপনার কেস নম্বর এবং অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্যযুক্ত একটি চিঠি পাওয়ার আশা করুন।** আপনার কেস নম্বরযুক্ত চিঠিটি আপনার কাছে রাখুন। যদি নিয়োগকর্তা আপনাকে পাওনা দিয়ে দেয় বা আপনি যদি আপনার ঠিকানা বা ফোন নম্বর পরিবর্তন করেন তবে তা তখনই আমাদের জানান।

**লেবার স্ট্যান্ডার্ড প্রতিটি দাবি মেনে নিতে পারবে না। লেবার স্ট্যান্ডার্ড দাবী গ্রহণ করবে না যদি:**

- আপনি নিউ ইয়র্ক রাজ্যের বাইরে কাজ করে থাকেন
- আপনি ছোট দাবী বা দেওয়ানী আদালতে আপনার পারিশ্রমিক পুনস্কার করতে কোনও মামলা দায়ের করেন
- আপনি বিক্রয় থেকে কিমশন দাবি করেন।
- আপনি নিজস্ব ব্যবসায় ছিলেন বা পুরো স্বাধীন ঠিকাদার ছিলেন
- আপনি কোনও সরকারী সংস্থা, শহর, কাউন্টি বা নগর থেকে পারিশ্রমিক পান
- আপনি পাওনা পারিশ্রমিক বা পিরপূরক অজ নেরতারিখ থেকে তিন বছরেরও বেশি সময় থেকে পারিশ্রমিক পান
- আপনি এমন পারিশ্রমিক বা লাভের জন দাবি করেন যা কোনও ইউনিয়নের অভিযোগ এবং সালিস প্রক্রিয়ার অধীন
- আপনার কোনও নিয়োগকারী লাভ নীতি থাকে যা আপনাকে নির্দিষ্ট কারণে (যেমন, কোনও নোটিশ ছাড়াই চাকির ছেড়ে দেওয়া) উপার্জিত তসুবিধা পাওয়া থেকে বিঞ্চিত রাখে
- আপনার 30 দিন থেকে কমের পাওনা পারিশ্রমিক পিরপূরক থাকে
- আপনি একজন নিবাহী, প্রশাসিনক বা পেশাদার কম চারী হিসাবে কাজ করে থাকেন এবং প্রতি সপ্তাহে \$1300 উপার্জন করে থাকেন
- আপনি জনসাধারণের জন কাজ করে থাকেন (অভিযোগ দায়ের করার জন্য PW4 ব্যবহার করুন)

**লেবার স্ট্যান্ডার্ডবৈষম্য, পারিবারিক ছুটির সুবিধা প্রদান করতে ব্যর্থতা, কাজের সাথে সম্পর্কিতসুবেক্ষাজনিত মুদ্রা, বা অক্ষমতার বিরুদ্ধে দাবির বিষয়ে তদন্ত করে না। আপনার সহায়তা করতে পারে এমন অন্যান্য রাজ্য সংস্থাগুলির বিষয়ে আরও তথ্যের জন্য দয়া করে (888) 469-7365 এ কল করুন।**